গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয় অভ্যন্তরীণ সম্পদ বিভাগ [আবগারি] প্রজ্ঞাপন

তারিখ, ১ আশ্বিন ১৪১৫ বঙ্গাব্দ/১৬ সেপ্টেম্বর ২০০৮ খ্রিস্টাব্দ

এসআরও নং-২৬৪-আইন/২০০৮/৩০১-আবগারি— Excise and Salt Act, 1944 এর section 12A(1) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, অত্র বিভাগের ২৭ জ্যৈষ্ঠ, ১৪১১ মোতাবেক ১০ জুন, ২০০৪ তারিখের প্রজ্ঞাপন এসআরও নং ১৮১-আইন/২০০৪/২৯৯ আবগারি এর ধারাবাহিকতায় নিমে বিধৃত টেবিল এর কলাম (1) এ উল্লিখিত Service Code ও উহার বিপরীতে কলাম (2) এ বর্ণিত সার্ভিস এর ওপর, কলাম (3) এ উল্লিখিত হারে উক্ত Act এর অধীন আরোপণীয় আবগারি শুন্ধ, শুধুমাত্র যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের ক্ষেত্রে অনুচ্ছেদ ২ এ বর্ণিত শর্ত সাপেক্ষে মওকুফ করিল, যথা:

টেবিল

Service Code	Description of Services	Rate of Duty
(1)	(2)	(3)
S033.00	Services rendered by Airline Services rendered by airline through issuing a domestic "Airline Ticket per seat" for single Journey, which may involve one or more stops over on its way to ultimate airport of destination.	Tk. 20

০২। শর্তসমূহ:

- (ক) দেশের অভ্যন্তরীণ রুটে বিনা ভাড়ায় বিমান শ্রমণের ক্ষেত্রে শুধুমাত্র যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের জন্য বাংলাদেশ বিমান এয়াল লাইস প্রাইভেট লিমিটেড কোম্পানি কর্তৃক ইস্যুক্ত টিকিটের ক্ষেত্রে এই মওকুফ প্রযোজ্য হইবে;
- (খ) আবগারি গুল্ক মওকুফ করিয়া টিকিট ইস্যু করিবার পূর্বে দালিলিক তথ্যাদি যাচাইয়ের ভিত্তিতে বিমান বাংলাদেশ এয়ার লাইন্স প্রাইভেট লিমিটেড কোম্পানী যদ্ধাহত মক্তিযোদ্ধা সম্পর্কে নিশ্চিত হইবে:
- (গ) বিমান বাংলাদেশ এয়ার লাইস প্রাইভেট লিমিটেড কোম্পানি, প্রতি ছয় মাস অন্তর, যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের বরাবরে উপরোক্ত আবগারি শুল্ক মওকুফক্রমে কতগুলো টিকিট ইস্যু করা হইল, উহার একটি বিবরণী জাতীয় রাজস্ব বোর্ড দাখিল করিবে।
- ০৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে, মোহাম্মদ আবদুল মজিদ সচিব।

উৎস : বাংলাদেশ গেজেট, অতিরিক্ত সংখ্যা, ১৬ সেপ্টেম্বর ২০০৮; পৃ.৫৭২১-৫৭২২।